



জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদের নতুন কমিটির সাথে শুভেচ্ছা বিনিময়



৯ নভেম্বর ২০২১-মঙ্গলবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ (২০২১-২০২২) কার্যনির্বাহী পর্ষদের নতুন নেতৃবৃন্দ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এর সাথে শুভেচ্ছা





জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বিনিময় করেন। এসময় উক্ত সংগঠনের প্রধান উপদেষ্টা ও ইসলামিক স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক কামরুল ইসলাম, শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক উপদেষ্টা ও সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক কে এম সুজাউদ্দীন সহ নব নির্বাচিত সভাপতি মার্কেটিং বিভাগের শিক্ষার্থী মোঃ জহির উদ্দিন এবং সাধারণ সম্পাদক উদ্ভিদ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী আনন্যামা নাসুহা নুহিন সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।